

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের কার্যালয়
অডিট ভবন
৭৭/৭ কাকরাইল, ঢাকা-১০০০
www.cagbd.org

সিএজি/আইএডব্লিউ/ ইনটোসাই কেএসসি/১১৩/২৭৮৪

তারিখঃ ০৮-১০-২০১৮ খ্রিঃ।

নির্বাহী পরিচালক
ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)
মাইডাস সেন্টার
লেভেল ৪ ও ৫
রোড-১৬ (নতুন) (২৭ পুরাতন)
ধানমন্ডি, ঢাকা।

বিষয়ঃ পাবলিক অডিটে সুশীল সমাজের অংশগ্রহন বিষয়ক মতবিনিময় সভায় প্রতিনিধি প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। সুপ্রিম অডিট ইনস্টিটিউশন (SAI) এর আন্তর্জাতিক সংগঠন International Organization of Supreme Audit Institutions (INTOSAI) সংবিধিবদ্ধ নিরীক্ষায় সুশীল সমাজ ও সুশীল সমাজের বিভিন্ন সংগঠন ও সংস্থার মতামতকে এ অডিট প্রক্রিয়ায় সম্পৃক্ত করার উপর গুরুত্বারোপ করেছে। বাংলাদেশের সুপ্রিম অডিট ইনস্টিটিউশন হিসাবে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের কার্যালয়ও সংবিধিবদ্ধ নিরীক্ষায় সর্বস্তরের নাগরিক তথা সুশীল সমাজের সম্পৃক্ততা আনয়নের বিষয়ে কাজ করতে আগ্রহী। সে অভিপ্রায়ে আগামী ০৯/১০/২০১৮ খ্রিঃ তারিখে অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা এ একটি মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে। মতবিনিময় সভায় সিএজি কার্যালয় এর প্রতিনিধি হিসাবে উপ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (এএন্ডআর) সহ অন্যান্য উদ্ধৃতন কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন। উক্ত মতবিনিময় সভায় আপনার কার্যালয়ের এক বা একাধিক উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংবিধিবদ্ধ নিরীক্ষায় স্টেকহোল্ডারদের সম্পৃক্ততার এ প্রচেষ্টায় আপনাদের উপস্থিতি, সুচিন্তিত মতামত ও পরামর্শ প্রত্যাশা করছি।



(মোঃ নওসাদ হোসেন)

অতিরিক্ত উপ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)

ফোনঃ ৯৩৩১১৭১

সদয় অবগতি ও কার্যার্থেঃ

১. উপ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সিনিয়র), সিএজি কার্যালয়, ঢাকা।
২. উপ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (এএন্ডআর), সিএজি কার্যালয়, ঢাকা।
৩. পিএস টু সিএজি মহোদয়, সিএজি কার্যালয়, ঢাকা।
৪. অডিট এন্ড একাউন্টস অফিসার (প্রশাসন), সিএজি কার্যালয়, ঢাকা।
[আলোচ্য সভা আয়োজনের সার্বিক ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হলো]



(মোঃ নওসাদ হোসেন)

অতিরিক্ত উপ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)

ফোনঃ ৯৩৩১১৭১